



Sub: Bengali Text Work Sheet-3

Class: 8

Date: 05.05.2020

## তোতাকাহিনী (রবীন্দ্রনাথ ঠাকুর)

সঠিক উত্তরটি নির্বাচন কর :-

- ১। 'মহারাজ, কাণ্ডটা দেখিতেছেন?' — বক্তা হলেন —  
(ক) মন্ত্রী (খ) পণ্ডিতগণ  
(গ) ভাগিনা (ঘ) নিন্দুক
- ২। 'আশ্চর্য! শব্দ কম নয়।' — বক্তা হলেন —  
(ক) পণ্ডিতগণ (খ) রাজা  
(গ) নিন্দুক (ঘ) মন্ত্রী
- ৩। 'শুধু \_\_\_\_\_ নয়, পিছনে অর্থও কম নাই।' — শূন্যস্থানে কোন্ শব্দটি বসবে?  
(ক) শিক্ষা (খ) আনন্দ  
(গ) বাজনা (ঘ) শব্দ
- ৪। রাজা খুশি হয়ে দেউড়ি পার হয়ে কিসে উঠতে বাধ্য হলেন?  
(ক) হাতি (খ) ঘোড়া  
(গ) উট (ঘ) পালকি
- ৫। সে বলিয়া উঠিল, '\_\_\_\_\_', পাখিটাকে দেখিয়াছেন কি?' — শূন্যস্থানে কোন্ শব্দটি বসবে?  
(ক) রাজা (খ) মহারাজ  
(গ) মহামন্ত্রী (ঘ) কোনটি নয়
- ৬। 'সে বলিয়া উঠিল, 'মহারাজ, পাখিটাকে দেখিয়াছেন কি?' সে হল —  
(ক) ভাগিনা (খ) মন্ত্রী  
(গ) নিন্দুক (ঘ) সর্দার
- ৭। 'রাজার \_\_\_\_\_ লাগিল।' — শূন্যস্থানে কোন্ শব্দটি বসবে?  
(ক) চমক (খ) মজা  
(গ) অবাক (ঘ) কৌতুক
- ৮। 'ওই যাঃ! মনে তো ছিল না' — কার মনে ছিল না?  
(ক) ভাগিনার (খ) রাজার  
(গ) নিন্দুকের (ঘ) মন্ত্রীর
- ৯। রাজার কি মনে ছিল না?  
(ক) নিন্দুককে শাস্তি দেওয়া (খ) ভাগিনাকে উপহার দেওয়া  
(গ) পাখিটাকে দেখা (ঘ) পাখিটাকে শাস্তি দেওয়া
- ১০। 'পাখিকে তোমরা কেমন শেখাও তার \_\_\_\_\_ দেখা চাই।' — শূন্যস্থানে কোন্ শব্দ বসবে?  
(ক) চেহারাটা (খ) ছবিটা  
(গ) উপায়টা (ঘ) কায়দাটা

- ১১। ‘পাখিকে তোমরা কেমন শেখাও তার কায়দাটা দেখা চাই।’ — বক্তা কাকে একথা বললেন ?  
(ক) লিপিকরকে (খ) পণ্ডিতকে  
(গ) ভাগিনাকে (ঘ) সর্দারকে
- ১২। ‘দেখা হইল, দেখিয়া বড়ো \_\_\_\_\_।’ — শূন্যস্থানে কোন্ শব্দটি বসবে ?  
(ক) খুশি (খ) তৃপ্ত  
(গ) ব্রহ্ম (ঘ) আনন্দিত
- ১৩। ‘রাজা বুঝিলেন, \_\_\_\_\_ ত্রুটি নাই।’ — শূন্যস্থানে কোন্ শব্দটি বসবে ?  
(ক) ব্যবস্থার (খ) কাজকর্মের  
(গ) আয়োজনের (ঘ) প্রয়োজনের
- ১৪। কলমের ডগা দিয়ে পাখির মুখের মধ্যে কি ঠাসা হচ্ছে ?  
(ক) কচিপাতা (খ) রাশি রাশি পুঁথির পাতা  
(গ) ছোলার দানা (ঘ) পাকা ফলের টুকরো
- ১৫। রাজা কাকে নিন্দুকের কান মলে দেবার নির্দেশ দেন ?  
(ক) মন্ত্রীকে (খ) ভাগিনাকে  
(গ) কানমলা সর্দারকে (ঘ) কসাইকে